দৈনিক খবর

তারিখ ... 30 JAN 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬

14

# চট্টগ্রাম ভার্সিটিতে তল্লাশী ঃ ১৪ খানা কিরিচ উদ্ধার

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ২৯শে জানুয়ারী।– পুলিশ আজ আবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে তল্লাশী অভিযান চালিয়ে ১৪ খানা লম্বা কিরিচ উদ্ধার করেছে।

শেষ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলামে

## চট্টগ্রাম ভার্সিটিতে

প্রথম পৃষ্ঠার পর

হাটহাজারী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ইনামুল হকের নেতৃত্বে একদল পুলিশ বিশ্ববিদ্যালয় প্রশাসনের সহযোগিতায় শাহজালাল হলের বর্ধিত ভবনে তল্লাশী চালায়। হলের ছাদ থেকে কিরিচগুলো উদ্ধার করা হয়। প্রতিটি কিরিচ লম্বায় প্রায় দু'হাত।

## প্রতারণার অভিযোগে গ্রেফতার

চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ গত ২৭শে জানুয়ারী হালিশহর কলোনীর জি ব্লকের ১নম্বর রোডের ৪ নম্বর বাসা থেকে ৬ জনকে গ্রেফতার করেছে। পুলিশ জানায়, এরা আন্তঃজেলা প্রতারক দলের সদস্য এবং জনসাধারণকে নানাভাবে প্রতারণা করে আসছিল। পাট ব্যবসায়ী পরিচয়ে অতি সম্প্রতি জনৈক ব্যক্তির কাছ থেকে তারা সাড়ে ৩২ হাজার টাকা আত্মসাৎ করেছে বলে অভিযোগ রয়েছে।